ভোরের কাগজ

তারিখ ...0.5 JUN 1995... ...
পৃষ্ঠা ২ কলাম ৫......

৫০

১৪ দফা পূরণ হয়নি

# সরকারি কর্মচারীরা ২০ জুন ৩ ঘন্টা কর্মবিরতি করবে

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ সরকারি কর্মচারী সমন্বয়ক পরিষদ ও সংহতি পরিষদ লিয়াজোঁ কমিটি তাদের ১৪ দফা দাবি আদায়ের লক্ষ্যে আগামী ২০ জুন মঙ্গলবার ঢাকাসহ সারাদেশে সকাল সাড়ে ১০টা থেকে দেড়টা পর্যন্ত ৩ ঘন্টার কর্মবিরতি পালন করবে। লিয়াজোঁ কমিটির এক সংবাদ সম্মেলনে গতকাল রোববার এ কর্মসূচি ঘোষণা করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন : কমিটির সদস্য সচিব সালেউদ্দিন সেলিম। আহ্বায়ক সৈয়দ মহীউদ্দিন এবং নেতাদের মধ্যে বাবু হরিগোপাল দাস, আবদুর রহিম, শাহ আলম প্রমুখ উপস্থিত ছিলেন। কর্মসূচির মধ্যে আরো আছে ১৪-১৯ জুন দাবি সপ্তাহ পালন, ১৪ জুন বিকেলে ঢাকাসহ বিভাগীয় ও জেলা শহরে প্রতিনিধি সভা, এরপর সচিবালয়সহ সকল অঞ্চলে সমাবেশ অনুষ্ঠান। ২০ জুন কর্মবিরতি চলাকালে ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিতব্য সমাবেশ থেকে আন্দোলনের পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।

সংবাদ সম্মেলনে বলা হয়, লিয়াজোঁ কমিটির সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী চলতি বছরের ১২ জানুয়ারির মধ্যে এ ব্যাপারে সরকারের কার্যকর ব্যবস্থা নেওয়ার কথা থাকলেও বাস্তবে তা হয়নি। দাবিগুলোর মধ্যে আছে মূল বেতনের ৩০ শতাংশ হারে মহার্ঘ ভাতা দেওয়া, সব পদে পদোন্নতির বিধান রাখা, পদের নাম থেকে অসম্মানজনক শব্দ 'নিম্নমান' বাদ দেওয়া, ওভারটাইম, চাকরি স্থায়ীকরণ, গোল্ডেন হ্যান্ডশেক প্রথা বাতিল, সরকারি বাড়ির বিদ্যুৎ ও গ্যাস বিল মওকুফ ইত্যাদি।